

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৬৮

আগরতলা, ২৯ মার্চ, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘জেলা হাসপাতালে ডাক্তার অনুপস্থিত বিপাকে রোগী’ এই শিরোনামে গত ২৬ মার্চ, ২০২৫ স্যন্দন পত্রিকায় এবং ‘চিকিৎসকহীন অর্থোপেডিক্স বিভাগ, উনকোটি জেলা হাসপাতালে দুর্ভোগ’ এই শিরোনামে গত ২৭ মার্চ, ২০২৫ ডেইলি দেশের কথা পত্রিকায় প্রকাশিত সংবাদগুলি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, উনকোটি জেলা হাসপাতালের মেডিকেল সার্জন ডা. নির্মল দেববর্মা ১৩ দিনের অর্জিত ছুটিতে গিয়েছেন। এরই পরিপ্রেক্ষিতে মেডিকেল সার্জন ডা. অমন দেববর্মা কে ডেপুটেশন দিয়ে উনকোটি জেলা হাসপাতালে কাজ করার জন্য নির্দেশ জারি করা হয়েছে।
